

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৪৭৫৮/২৭৮

তারিখ : ২১-০৭-২০২২ খ্রি.

বিষয় : ম্যানেজিং কমিটির কার্যকারিতা বহাল রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন বল্লী মোঃ মুজিবুর রহমান মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গত ১৬-০৩-২০২২ খ্রি. তারিখের বিঅ-৬/৪৭৫৮/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.৮৮৯০ নং স্মারকে অনুমোদন দেয়া হয়। উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদনের বিরুদ্ধে জনৈক মোঃ এরশাদুল হক মহামান্য হাইকোর্ট ডিভিশনে ৫৪০৪/২০২২ নং রীট পিটিশন দায়ের করেন এবং মহামান্য হাইকোর্ট শুনানীঅস্ত্রে গত ২৮-০৪-২০২২ খ্রি. তারিখে গত ১৬-০৩-২০২২ খ্রি. তারিখের বর্ণিত স্মারক পত্রে অনুমোদিত ম্যানেজিং কমিটির কার্যকারিতা ০৩ (তিন) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্টের আদেশের বিরুদ্ধে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব জিয়াউর-বিন-সেলিম সুপ্রীম কোর্টের আপীলেট বিভাগে ১৪৪৮/২০২২ নং লীভ টু আপীল দায়ের করেন। মহামান্য আদালত শুনানীঅস্ত্রে হাইকোর্ট ডিভিশনের ৫৪০৪/২০২২ নং রীট পিটিশনের স্থগিতাদেশের কার্যকারিতা ০৮ (আট) সপ্তাহের জন্য গত ২৯-০৫-২০২২ খ্রি. তারিখে স্থগিতাদেশ প্রদান করেন বিধায় ২৩-০৭-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বর্ণিত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির কার্যকারিতা বহাল রাখা হলো এবং গত ০৩-০৭-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৪৭৫৮/২৬৯ নং স্মারক পত্রটি প্রত্যাহার করা হলো। বিষয়টি নির্দেশক্রমে আপনাকে অবহিত করা হলো।

সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি
বল্লী মোঃ মুজিবুর রহমান মাধ্যমিক বিদ্যালয় (১১৮৮২৩)
ডাকঘর : আখড়াখোলা, উপজেলা : সাতক্ষীরা সদর, জেলা : সাতক্ষীরা

২১০৫
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৬২৭০৫

স্মারক নং-বিঅ-৬/৪৭৫৮/২৭৮(১-৫)

তারিখ : ২১-০৭-২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৪। প্রধান শিক্ষক, বল্লী মোঃ মুজিবুর রহমান মাধ্যমিক বিদ্যালয়, আখড়াখোলা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৫। সংরক্ষণ নথি।

২১-০৭-২০২২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর